# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০২.০০২.২৪. ৪৮৬৭

তারিখঃ ১৬ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
০১ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি।**

চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির "লাইন টেকনিশিয়ান" এর শূন্য পদ পূরণের লক্ষ্যে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী "লাইনম্যান গ্রেড-১" গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | ক) এসএসসি বা সমমান পাশ (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মোট চাকুরীকাল নূন্যতম ১০ বৎসর থাকতে হবে<br>খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রযোজ্য লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিংশীট, বাপবিবোর্ডের নিমার্ণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজে জ্ঞান থাকতে হবে।<br>ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>ছ) অধীনস্থ লাইনক্রুগণকে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>জ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূণ্য) থাকতে হবে।<br>ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১) পদোন্নতির ক্ষেত্রে জেলাকোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকায় স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

**আবেদন করার পদ্ধতিঃ**

০১) বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) সংশ্লিষ্ট পদে চাকুরীতে নিয়মিতকরনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়ির জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত স্ব-হস্তে লিখিত আবেদনপত্র সহ লাইন টেকনিশিয়ান পদের জন্য আগামী ২২/১২/২০২৪খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ- এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণ সত্যায়িত ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ছ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (মুল ড্রাইভিং লাইসেন্স সঙ্গে আনতে হবে)।
(জ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঝ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ঞ) প্রার্থীর বিরুদ্ধে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা বিভাগীয় কার্যধারার অধীন তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ণ পত্র দাখিল করতে হবে।

**উল্লেখ্য, সকল প্রয়োজনীয় কাগজ পত্রাদি এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়িত করতে হবে।**

০৩) **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণে নিম্নবর্ণিত শর্তের ক্ষেত্রে প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে;

(জ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৪) **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরনী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান/ শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২ইং) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫) চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ বেতন প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্ত হবেন। পরবর্তীতে উক্ত পদে নিয়মিতকরণ সাপেক্ষে পবিস নির্দেশিকা ৩০০-১৭ ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূলবেতন সংরক্ষণ করা হবে।

০৬) পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীর মেধা ও কর্মদক্ষতা, সকল প্রশিক্ষণে উত্তীর্ণ, সততা এবং জ্যেষ্ঠতাকে প্রাধান্য দেয়া হবে।

০৭) কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে কর্মরত থাকাকালীন কর্মমূল্যায়ণ সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট পদে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্ব এর মেয়াদ বৃদ্ধি বা পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৯) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২ ইং) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

১০) অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কোন কর্মকর্তা/কর্মচারীর স্বামী/ স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে নিয়মানুযায়ী আইনানুগ/ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/ প্রত্যাখান করতে পারবেন না।

১২) নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীতে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩) কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি/ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে/ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

01.12.24

(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

(০২) পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (উঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

(০৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

(০৪) একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

(০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..................... পবিস-১/২/৩/৪।

(০৬) জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।

(০৭) ডিজিএম, সদর-কারিগরী/শিবগঞ্জ/নাচোল জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।

(০৮) এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন), চাঁপাইনবাবগঞ্জ পবিস।

(০৯) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার আইটি, চাঁপাইনবাবগঞ্জ পবিস (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।

(১০) নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।

01.12.24

(প্রকৌ. মোঃ ছানোয়ার হোসেন)

জেনারেল ম্যানেজার

E:\Administration_Human Resources\AGM HR\02.008 নিয়োগ, পদোন্নতি\02.008-নিয়োগ বিজ্ঞপ্তি-- VOL-2.doc